

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 সড়ক ও জনপথ অধিদপ্তর
 সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
 ফোন: ০২-৮৮৭৯২৯৯, ফ্যাক্স: ০২-৮৮৭৯১৯৯।
 E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং: ৩৫.০১.০০০০.০০১.০৭.০০৩.২১-৬৮২

তারিখ: ১২ এপ্রিল ২০২১ খ্রি:

বিষয় : সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) খাতের আওতায় অভ্যন্তরীণ কার্য ক্রয়ে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের জন্য ঠিকাদারগণের তালিকাভুক্তির সংক্রান্ত।

সূত্রঃ অত্র কার্যালয় এর স্মারক নং: ৩৫.০১.০০০০.০০১.০৭.০০৩.২১-৬৮১ তারিখ: ১২ এপ্রিল ২০২১খ্রি।


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে অত্র কার্যালয়ের সূত্রস্থ স্মারকের মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় অভ্যন্তরীণ কার্য (NCT - works) ক্রয়ে ই-জিপি প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হচ্ছে। উক্ত নির্দেশনাসমূহের অনুবৃত্তিক্রমে ঠিকাদারগণের তালিকাভুক্তি সংক্রান্ত নিম্নরূপ বিস্তারিত নির্দেশনা প্রদান করা হলঃ

১. LTM পদ্ধতিতে কার্য ক্রয়ের জন্য পিপিআর ২০০৮ এর বিধি ৫২(১) অনুযায়ী প্রতিটি সড়ক বিভাগ এর অধীনে ঠিকাদারগণের তালিকাভুক্তিক্রমপূর্বক তা সংরক্ষণ এবং বছরভিত্তিক হালনাগাদ করতে হবে। তবে কোন একটি সড়ক বিভাগে তালিকাভুক্ত ঠিকাদারের সংখ্যা তৃলনামূলকভাবে কম হলে এবং ক্রয়কারী কর্তৃক মুক্তিসংগত বিবেচিত হলে সংশ্লিষ্ট সড়ক সার্কেল এর অধীন নিকটবর্তী অন্যান্য সড়ক বিভাগ এর তালিকাও প্রযোজ হিসাবে বিবেচনা করা যাবে এবং সেই মোতাবেক ই-জিপি সিস্টেমেও জেলা নির্বাচন করা যাবে। তবে কোন অবস্থাতেই সংশ্লিষ্ট সড়ক সার্কেল এর আওতা অতিক্রম করা যাবে না।
২. ‘ক্রয়কারী’ হিসাবে সওজ এর মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক স্ব স্ব সড়ক বিভাগ এর অধীনে ঠিকাদারগণের তালিকাভুক্তিক্রমণের / তালিকা হালনাগাদকরণের জন্য পিপিআর ২০০৮ এর বিধি ৫২(৩)(ঘ) অনুযায়ী বার্ষিক বিজ্ঞপ্তি (Invitation For Enrollment-IFE) প্রকাশসহ প্রযোজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে ক্রয়কারী কর্তৃক সিপিটিইউ’র ওয়েবসাইটে প্রকাশিত Standard Application Form for Enlistment for Works (SAFE-B) ডকুমেন্ট এ বর্ণিত শর্তাদি এবং প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
৩. পিপিআর ২০০৮ এর বিধি ৫২(৩)(খ) অনুযায়ী প্রতিটি সড়ক বিভাগ এর অধীনে ঠিকাদারগণের তালিকাভুক্তির জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলঃ

ক্রম	পদবী ও কর্মসূল	কমিটি-তে অবস্থান
১	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ সংশ্লিষ্ট সড়ক সার্কেল	আহ্বায়ক
২	নির্বাহী প্রকৌশলী, সওজ সংশ্লিষ্ট সড়ক বিভাগ	সদস্য-সচিব
৩	নির্বাহী প্রকৌশলী, সওজ সংশ্লিষ্ট সড়ক সার্কেল এর আওতাভুক্ত অন্যান্য সকল সড়ক বিভাগ	সদস্য

৪. উক্ত কমিটি কর্তৃক ঠিকাদারগণের তালিকাভুক্তিক্রমণের / তালিকা হালনাগাদকরণের সুপারিশ সংশ্লিষ্ট জোন এর অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদিত হতে হবে।
৫. ঠিকাদারগণের তালিকাভুক্তি এবং নবায়নের ফি পিপিআর ২০০৮ এর বিধি ৫২(৩)(ঝ) অনুযায়ী নির্ধারণ করতে হবে।
৬. পিপিআর ২০০৮ সহ অন্যান্য প্রযোজ্য সকল বিধি-বিধান আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হল।


 (মোঃ আব্দুস সলুম)
 পরিচিতি নং- ০০৫০২৪
 প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

অনুলিপি:

১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বিতরণঃ

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা / ময়মনসিংহ / চট্টগ্রাম / কুমিল্লা / সিলেট / রংপুর / রাজশাহী / খুলনা / বরিশাল / গোপালগঞ্জ।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মাঠ পর্যায়ের সকল সার্কেল।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইইএস সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। পত্রটি সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
৪. নির্বাহী প্রকৌশলী, সওজ, মাঠ পর্যায়ের সকল সড়ক বিভাগ।